# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**12-04-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রবাদপ্রতীম সংগীতশিল্পী আশা ভোঁসলের জীবনাবসান। সংস্কৃতিজগতে শোকের ছায়া।

২/ বিধানসভা নির্বাচনের রবিবাসরীয় প্রচার জমজমাট। বাংলার মানুষ পরিবর্তনের জন্য উন্মুখ -- শিলিগুড়ির কাওয়াখালিতে বললেন বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

# বাংলার ক্ষমতা দখল তো দূরের কথা, দিল্লির ক্ষমতাও রাখতে পারবেনা বিজেপি-- বর্দ্ধমানের খণ্ডঘোষে বললেন তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৩/ রাজ্যের নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে ৩ দিনের সফরে আগামীকাল রাজ্যে আসছেন উপ নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী।

৪/ দক্ষিণ ২৪ পরগনার ভাঙ্গরে ISF নেতা নওশাদ সিদ্দিকীর গাড়িতে হামলার ঘটনায় গ্রেপ্তার ১।

oooooooooooooooooooooo

প্রবাদপ্রতিম সংগীতশিল্পী, পদ্মবিভূষণ আশা ভোঁসলের জীবনাবসান হয়েছে। বয়স হয়েছিল ৯২ বছর।দক্ষিণ মুম্বাইয়ের একটি হাসপাতালে কিছুক্ষণ আগে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন বলে মহারাষ্ট্রের সংস্কৃতি মন্ত্রী আশিস শেলার জানিয়েছেন। তাঁর চিকিৎসক প্রতীত সামদানিও সেই সময়ে উপস্থিত ছিলেন। অবসাদ ও বুকে

সংক্রমণের সমস্যা নিয়ে গত সন্ধ্যায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। তাঁর শেষকৃত্য আগামীকাল বিকেল ৪ টায় শিবাজী পার্কে সম্পন্ন হবে।

আট দশকেরও বেশি সময়জুড়ে বিস্তৃত সংগীতজীবনে আশা ভোঁসলে তাঁর বহুমুখী প্রতিভার জন্য শ্রোতাদের মনে স্থায়ী আসন অধিকার করেছেন। রোম্যান্টিক গান, গজল থেকে শুরু করে ডিস্কো, চটুল গান—সঙ্গীতের যেকোন ধারাতেই তিনি ছিলেন সমান সাবলীল।

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের রবিবাসরীয় প্রচার জমজমাট। বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতৃত্ব রাজ্যের নানা প্রান্তে জনসভা, রোড শো-তে অংশ নিচ্ছেন।

বর্ষীয়ান বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিলিগুড়ির কাওয়াখালিতে একটি জনসভায় বলেন, পরিবর্তনের জন্য সারা বাংলা উন্মুখ হয়ে রয়েছে।

(বাইট – প্রধানমন্ত্রী)

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ সোনামুখী বিধানসভার বিজেপি প্রার্থী দিবাকর ঘরামীর সমর্থনে পাত্রসায়র গরুর হাটতলা ময়দানে জনসভায় যোগ দেবেন । এছাড়াও রাজ্যে আরও দুটি জনসভায় যোগ দেওয়ার কর্মসূচী রয়েছে তাঁর।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ পূর্ব ও পশ্চিম বর্ধমান বাঁকুড়ায় একাধিক জনসভা করবেন। বর্ধমানের খণ্ডঘোষে এক নির্বাচনী সভায় মমতা ব্যানার্জী বলেন, বাংলার ক্ষমতা দখলতো দূরের কথা। দিল্লির ক্ষমতা ধরে রাখতে পারবে না।

(বাইট – মমতা)

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ হুগলির ডানলপ কারখানা মাঠে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন।

সিপিআইএম এবং কংগ্রেস প্রার্থীরাও আজ রোড শো, বাড়ি বাড়ি প্রচার সহ নানা কর্মসূচীতে যোগ দিচ্ছেন।

oooooooooooooooooooooo

বিধানসভা ভোটের প্রাক্কালে রাজ্যের নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে তিনদিনের সফরে আগামীকাল রাজ্যে আসছেন সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী। তাঁর সঙ্গে থাকছেন কমিশনের আরও দুই শীর্ষ আধিকারিক অভিনব আগরওয়াল ও এসবি জোশি। কমিশনের নির্ধারিত সূচি অনুযায়ী, সোমবার দিল্লি থেকে প্রথমে অন্ডাল বিমানবন্দরে পৌঁছবেন তাঁরা। সেখান থেকে সড়কপথে পশ্চিম বর্ধমান জেলায় গিয়ে দিনভর প্রশাসনিক পর্যালোচনা করবেন। মঙ্গলবার পূর্ব বর্ধমান ও হুগলি জেলার পরিস্থিতি খতিয়ে দেখবেন কমিশনের প্রতিনিধি দল। বুধবার সকালে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে একটি জরুরি বৈঠক করবেন তাঁরা। সেখানে জেলার রিপোর্ট, আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং নির্বাচনী প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা।

oooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে আইএসএফ নেতা নওশাদ সিদ্দিকী-র গাড়িতে হামলার ঘটনায় ১ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতকে আজ বারুইপুর আদালতে তোলা হবে।

উল্লেখ্য, গতসন্ধ্যায় ভাঙড় দু’নম্বর ব্লকের চড়িস্বর এলাকায় সভা চলাকালীন আইএসএফ নেতানওশাদ সিদ্দিকী-র গাড়ির উপর ইট ছোড়া হয়বলে অভিযোগ। এতে গাড়ির পেছনের অংশ ক্ষতিগ্রস্ত হয়। এরপরই ISF কর্মী-সমর্থকরা বিভিন্ন জায়গায়

রাস্তা অবরোধ করেবিক্ষোভ দেখান। তৃণমূল কংগ্রেস- এই হামলার পেছনে রয়েছে বলে অভিযোগ তুলেছেন নওশাদ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বনগাঁ উত্তর বিধানসভার অন্তর্গত বনগাঁ পুরসভার ২০ নম্বর ওয়ার্ড এলাকায় আজ সকালে নির্বাচনী প্রচারকে কেন্দ্র করে উত্তেজনার সৃষ্টি হয়। বনগাঁ উত্তর বিধানসভায় বিজেপি প্রার্থী অশোক কীর্তনীয়া অভিযোগ করেছেন, তৃণমূলের একটি মিছিল তার প্রচারের মধ্যে ঢুকে পড়ে । তৃণমূল কর্মীরা 'গো ব্যাক' স্লোগান দিতে থাকেন এবং ধাক্কাধাক্কির পরিস্থিতি তৈরি হয়। তিনি দাবি করেন,তৃণমূল তাদের জনপ্রিয়তায় ভীত হয়ে এই ধরনের ঘটনা ঘটিয়েছে।

পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে বনগাঁ থানার পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

অন্যদিকে, তৃণমূল প্রার্থী বিশ্বজিৎ দাস পাল্টা দাবি করে বলেন, "গত পাঁচ বছরে অশোক কীর্তনীয়াকে এলাকায় দেখা যায়নি। কোনও উন্নয়ন হয়নি। তাই এলাকার মানুষই তাকে ঘিরে প্রশ্ন তুলেছেন।"

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার সাগরে বিজেপির এক বুথ সভাপতির মায়ের উপর হামলার অভিযোগ ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। শনিবার সন্ধ্যায় খাসরাম কর অঞ্চলের কৃষ্ণনগর এলাকায় বিজেপির বুথ সভাপতি উদয় বেরার মা প্রমিলা বেরা বাড়ির সামনে বাসন মাজছিলেন। অভিযোগ, সেই সময় অন্ধকারে অতর্কিতে একদল দুষ্কৃতী এসে তাঁর উপর চড়াও হয় এবং বেধড়ক মারধর করে। পরিবারের লোকজন তাঁর চিৎকার শুনে উদ্ধার করে সাগর গ্রামীণ হাসপাতালে ভর্তি করেন। বিজেপির দাবি, নির্বাচনের আগে সন্ত্রাস ছড়াতেই শাসক তৃণমূল কংগ্রেস-আশ্রিত দুষ্কৃতীরা এই হামলা চালিয়েছে। অভিযোগ

অস্বীকার করেছে তৃণমূল। উদয় বেরা সাগর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। পুলিশ তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের ডোমকলে সিপিআইএম প্রার্থীর সমর্থনে বেশ কয়েকজন অঙ্গনওয়াড়ি কর্মী ইউনিফর্ম পড়েই মিছিলে যোগ দেওয়ায় বিতর্ক তৈরী হয়েছে। সমাজ মাধ্যমে ছড়িয়ে পড়া কয়েকটি ভিডিও-এর ভিত্তিতে অন্যান্য রাজনৈতিক দল সিপিআইএমের বিরুদ্ধে নির্বাচনি বিধিভঙ্গের অভিযোগ তুলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের ভগবানগোলায় নাকা তল্লাশির সময় প্রায় ১ লক্ষ ৮ হাজার টাকা উদ্ধার ও বাজেয়াপ্ত করা হয়েছে । পুলিশ সূত্রে খবর, ভগবানগোলা থানার PWD মোড়ে নাকা তল্লাশির সময় গতকাল একটি স্কুটি থেকে ওই বিপুল পরিমাণ অর্থ উদ্ধার হয়। নগদ অর্থ কী কাজে নিয়ে যাওয়া হচ্ছিল তার সঠিক প্রমাণ দেখাতে না পারায় এই অর্থ বাজেয়াপ্ত করে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার সন্দেশখালি থানার মনিপুর গ্রামে মা ও তিন মাসের শিশু কন্যার দগ্ধ মৃতদেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে । দীর্ঘদিন ধরেই ওই পরিবারে অশান্তি চলছিল বলে জানা গেছে। গত রাতে সুনীতা মাইতি নামে বছর ৩৫-এর মহিলা এবং শ্রুতি মাইতি নামে শিশুটির অগ্নিদগ্ধ মৃতদেহ একটি ট্রাঙ্কের মধ্যে থেকে উদ্ধার করেন সুনীতার স্বামী বিপ্লব মাইতি। পুলিশ দেহ দুটি ময়নাতদন্তে পাঠিয়েছে। এটি আত্মহত্যা না কি এর পেছনে অন্য কোনো রহস্য রয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামী কয়েক দিন বৃষ্টির সম্ভাবনা থাকলেও আপেক্ষিক আর্দ্রতা বেশি থাকার জন্য অস্বস্তি বজায় থাকবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

দক্ষিণবঙ্গের পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম বর্ধমান জেলায় আজ হালকা থেকে মাঝারি বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে ১৩ থেকে ১৬ এপ্রিল পর্যন্ত দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলোতে ফের হলুদ সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম ও দুই মেদিনীপুরে হালকা বৃষ্টি হতে পারে।

উত্তরবঙ্গের পার্বত্য অঞ্চলেও বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বিশেষ করে দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পং—এই তিন জেলায় বৃষ্টি বেশি হবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

দক্ষিণবঙ্গে আগামী তিন চার দিনে দিনের তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo